

৫.৫. স্ট্রেনদেনিং এক্সটারনাল এইড ম্যানেজমেন্ট ক্যাপাসিটি (এসইএএমসি) প্রকল্প

৫১.৫. প্রকল্প পরিচিতি

ক) উদ্যোগী মন্ত্রণালয়ঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বৈদেশিক সাহায্যের বাজেট ও হিসাব (ফাবা) উইং, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

গ) প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা):

মোটঃ ৬.৮৭ কোটি টাকা

জিওবিঃ ৬.৮৭ কোটি টাকা

ঘ) প্রকল্পের অর্থায়নঃ জিওবি (জেডিসিএফ)

ঙ) বাস্তবায়নকালঃ জানুয়ারি ২০১৪ হতে জুন, ২০১৭ পর্যন্ত

৫২.৫. প্রকল্পের উদ্দেশ্যঃ

বৈদেশিক সাহায্যের ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বৈদেশিক সাহায্যের কার্যকর ও ফলপ্রসূ ব্যবহার সহায়ক কর্মপদ্ধতি চালু এবং জাতীয় উন্নয়ন কর্মকৌশল বাস্তবায়নে সহযোগীতা বৃদ্ধি করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। এ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

(ক) পাইপলাইন ও চলমান বৈদেশিক সহায়তা প্রকল্পসমূহের জন্য একটি সমন্বিত নেটওয়ার্ক গড়ে তোলা।

(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত বৈদেশিক সাহায্যপুষ্ঠ প্রকল্পের অনুকূলে চাহিদা অনুযায়ী যথাসময়ে প্রকল্পের সাহায্যের বরাদ্দ প্রদান নিশ্চিত করা।

(গ) বৈদেশিক সাহায্য, ঋণ ব্যবস্থাপনা ও সম্পর্কিত অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা।

৫৩.৫. প্রকল্পের মূল কার্যক্রমঃ

(ক) বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধির জন্য ডিজিটাল সিস্টেম চালুকরণ। এজন্য ওয়েব-বেইজড এপ্লিকেশন সফটওয়্যার Foreign Aid Management System (FAMS)-এর ডিজাইন তৈরী, প্রস্তুতকরণ ও চালুকরণ;

(খ) কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বৈদেশিক সাহায্য ব্যবস্থাপনা ও ডিজিটাল সিস্টেম ম্যানেজমেন্ট সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

৫৫.৫.৪ প্রকল্প কাজের অগ্রগতিঃ

বৈদেশিক সাহায্যপুষ্ঠ পাইপলাইন ও চলমান প্রকল্পসমূহ নিবিড় পরিবীক্ষণ এবং বৈদেশিক সহায়তার ব্যবস্থাপনা গতিশীল করার জন্য ফরেন এইড ম্যানেজমেন্ট সিস্টেম (FAMS) তৈরীর উদ্যোগ নেওয়া হয়েছে যার ট্রায়াল ভার্সন ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটিতে ডাটা এন্ট্রির কাজ চলছে। আশা করা যায় ডিসেম্বর ২০১৬ এর মধ্যে সিস্টেমটির পরীক্ষামূলক কার্যক্রম শুরু করা যাবে।